

আমাদের উদ্ধার করতে ঈশ্বর একজন 'মেসপালক' পাঠিয়েছিলেন

শিশুদের প্রভুর ভোজ যথাযত ভাবে উপলব্ধি করতে সাহায্য করুন

যে কোন একটি শিশুদের শেখার কার্যকলাপ পছন্দ করুন।

অপেক্ষাকৃত বড় ছেলে অথবা শিক্ষক : আদিপুস্তক ২২ঃ১-১৮ পদ থেকে আব্রাহাম এবং ইসহাকের গল্পটি পড়ুন বা মুখস্থ বলুন।

এই গল্পটি বলে যে কিভাবে একজন যুবক ছেলের প্রাণ বাঁচাতে ঈশ্বর একটা মেস শাবক পাঠিয়েছিলেন।

গল্পটি বলার পরে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন :

- ঈশ্বর কিভাবে আব্রাহামের বিশ্বাসের পরীক্ষা নিয়েছিলেন? (তৈত্তরঃ ২ পদ দেখুন)
- আব্রাহাম কিভাবে ঈশ্বরের আদেশ পালন করেছিলেন? (৩)
- তাঁরা যখন যাচ্ছিলেন তখন ইসহাক কি প্রশ্ন করেছিল? (৭)
- আব্রাহাম কি উত্তর দিয়েছিলেন ইসহাককে? (৮)
- ঈশ্বর কিভাবে আব্রাহামকে আটকেছিলেন, তাঁর সন্তানকে হত্যা করার হাত থেকে? (১১)
- বলিদানের জন্য ঈশ্বর কি পাঠিয়েছিলেন? (১৩)
- বাধ্যতার জন্য ঈশ্বর আব্রাহামকে কি আশীর্বাদ করেছিলেন? (১৬-১৮)



ব্যাখ্যা করুন : প্রভুর ভোজের সময় ঈশ্বরের মেস শাবকের শরীর ও রক্তে অংশগ্রহণ করি যিনি আমাদের পরিবর্তে মৃত্যুবরণ করেছিলেন, ঠিক যেমন ইসহাকের পরিবর্তে মেস শাবক করেছিল।

আব্রাহাম ও ইসহাকের গল্পের অংশবিশেষ, আদিপুস্তক ২২ঃ১-১৮ পদ থেকে নাট্যরূপ দিন। উপাসনার নেতৃত্বগের দ্বারা ছোট ছেলেমেয়েদের দিয়ে এই নাটকটি উপাসনার সময় বড়দের কাছে উপস্থাপনের ব্যবস্থা করুন। ছেলেমেয়েদের নীচের কবিতাটি মুখস্থ বলার এবং যে ছবিগুলি তারা তৈরী করেছে সেগুলি দেখানোর ব্যবস্থা করুন।

- অপেক্ষাকৃত বড় ছেলেমেয়েরা অথবা প্রাপ্ত বয়স্করা (১) বর্ণনাকারী (২) স্বর্গদূত এবং (৩) আব্রাহামের (যার একটি ছুরি ও দড়ি থাকবে) চরিত্রে অভিনয় করবে।
- ছোট ছেলেমেয়েরা অভিনয় করবে নীচের চরিত্রগুলিতে :

ইসহাক।

মেস শাবক। হাত এবং হাঁটু দ্বারা হাঁটবে।

ভৃত্য। (হাতে একগুচ্ছ কাঠ থাকবে)।

বর্ণনাকারী : গল্পটির প্রথম অংশটি ১-৬ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন ঈশ্বর কি বলছেন আব্রাহামকে।”

স্বর্গদূত : “সর্বশক্তিমান, মোরিয়া দেশের পর্বতে তোমার সন্তানকে বলিদানের আদেশ দিয়েছেন।”

আব্রাহাম : উপরে দিকে তাকিয়ে বললেন, “হ্যাঁ, প্রভু”।

ভৃত্যদের বললেন, “ভৃত্যেরা, ইসহাককে আন। জ্বালানী কাঠ ও একটি ছুরিও আন।”

ভৃত্য : চলে গেল এবং নিয়ে এল ইসহাককে এবং জ্বালানী কাঠ ও খড়। এগুলি সব আব্রাহামকে দিল।

আব্রাহাম : কাঠগুলি ইসহাকের পিঠে রাখলেন এবং খড়গ নিলেন। হাঁটা শুরু করলেন এবং ইসহাক আপনাকে অনুসরণ করবে।

বর্ণনাকারী : গল্পটি দ্বিতীয় অংশ ৭-১০ পদ থেকে বলুন। এরপর বলুন, “শুনুন ইসহাককে অলছে।”

ইসহাকঃ “বাবা, বলির জন্য মেঘ কোথায়?”

অব্রাহামঃ “ঈশ্বর মেঘ যুগিয়ে দেবেন।”

ইসহাকঃ টেবিল বা চেয়ারের ওপর শুয়েপড়বে (বেদি)।

অব্রাহামঃ দড়ি দিয়ে ইসহাককে বাঁধবে (অথবা ভাগ করবে)। ছুড়িটা উচুতে তুলে ধরবে।

স্বর্গদূতঃ “দাঁড়াও!” তাকে বধ করো না। আমি জানি তুমি ঈশ্বরকে ভয় কর কারণ তুমি তোমার পুত্রকে ঈশ্বরের উদ্দেশে বলি দিতে অস্বীকার করনি।”

বর্ণনাকারীঃ ১১-১৮ পদগুলো থেকে গল্পের তৃতীয় অংশটি বলুন।

মেঘশাবকঃ জোড়ে ব্যা ব্যা করে ডাকবে (ঘরের অন্য দিক থেকে)।


ইসহাকঃ “বাবা, দেখ! ঝোপে একটি মেঘ আটকে আছে। ঈশ্বর আমাদের বলিদানের জন্য এটি পাঠিয়েছেন।”

অব্রাহামঃ ইসহাকের বন্ধন খুলে বললেন, “মেঘ শাবকটি আন, এটিকে বেদির উপর রেখে বাঁধ।”

স্বর্গদূতঃ “অব্রাহাম, ঈশ্বরের অনন্তকালীন প্রতিজ্ঞা শোন। তিনি তোমাকে তাঁর আজ্ঞা পালনের জন্য আশীর্বাদ করবেন। তোমার বংশবৃদ্ধি হবে। তাদের একজনের দ্বারা পৃথিবীর সকল জাতি আশীর্বাদ প্রাপ্ত হবে।”

বর্ণনাকারীঃ যারা নাটকটি করতে সাহায্য করেছে প্রত্যেককে ধন্যবাদ দেবে।

একটি মেঘশাবকের ছবি আঁকুন।



- শিশুরা তাদের ছবিগুলি পরবর্তী উপাসনার সময়ে বড়দের দেখাবে এবং ব্যাখ্যা করে বলবে এটি দ্বারা আমরা বুঝি যে, যীশু আমাদের জন্য মেঘশাবক হয়েছিলেন, আমাদের পাপের বোঝা বহনের জন্য।

- বড় ছেলেমেয়েরা ছোটদের সাহায্য করবে।

শিশুদের জিজ্ঞাসা করুন কিভাবে আজ আমাদের জন্য অব্রাহামের প্রতি ঈশ্বরের প্রতিজ্ঞা যীশু খ্রীষ্টের মধ্যে সত্যরূপে প্রতিষ্ঠিত হয়েছে। রোমীয় ৬ঃ২৩ পদ মুখস্থ করুন।

কবিতাঃ চারজন ছেলেমেয়ের প্রত্যেককে একটি করে পদ গীতসংহিতা ২৭ঃ১,৪,১৩ এবং ১৪ পদ থেকে আবৃত্তি করবে।

সদাপ্রভু আমার জ্যোতি, আমার পরিত্রাণ, আমি কাহা হইতে ভীত হইব?

সদাপ্রভু আমার জীবনদূর্গ, আমি কাহা হইতে ত্রাসযুক্ত হইব?

সদাপ্রভুর কাছে আমি একটি বিষয় যাচ্ছা করিয়াছি, তাহারই অন্বেষণ করিব;

যেন আমি জীবনের সমুদয় দিন সদাপ্রভুর গৃহে বাস করি

সদাপ্রভুর সৌন্দর্য্য দেখিবার ও তাঁহার মন্দিরে অনুসন্ধান করিবার জন্য।

আমি এই বিষয়ে এখনও নিশ্চিতঃ

আমি জীবিতদের দেশে সদাপ্রভুর মঙ্গলভাব দেখিব।

সদাপ্রভুর অপেক্ষায় থাক;

সাহস কর, তোমার অন্তকরণ সবল হউক এবং সদাপ্রভুর অপেক্ষায় থাক।

ঈশ্বর আমাদের উদ্ধারের জন্য যে মেঘশাবক পাঠিয়েছিলেন সেই বিষয়ে একটি গান বা কবিতা বড় ছেলেমেয়েরা লিখবে।

প্রার্থনাঃ “প্রেমময় পিতা, ধন্যবাদ দিই তোমার সন্তানকে ঈশ্বরের মেঘশাবককে আমাদের জন্য মৃত্যুবরণ করনার্থে দেবার জন্য। আমাদের সকল পাপ ক্ষমা করার জন্য। তাঁর বলিদান তোমার কাছে যথেষ্ট। আমাদের এটি প্রভুর ভোজ গ্রহণের সময় মনে রাখতে সাহায্য কর। অব্রাহামের মত তোমাকে মান্য করতে আমাদের সাহায্য কর।”